

আস-সাফাত | As-Saffat | الصّافات

আয়াতঃ ৩৭ : ৮৩

আরবি মূল আয়াত:

وَإِنَّ مِنْ شِيعَتِهِ لِابْرَاهِيمَ ﴿٨٣﴾

অনুবাদসমূহ:

আর নিশ্চয় ইবরাহীম তার দীনের অনুসারীদের অন্তর্ভুক্ত। — আল-বায়ান

অবশ্যই ইবরাহীম ছিল তারই দলের লোক। — তাইসিরুল

ইবরাহীম তার অনুগামীদের অন্তর্ভুক্ত। — মুজিবুর রহমান

And indeed, among his kind was Abraham, — Sahih International

৮৩. আর ইবরাহীম তো তার অনুগামীদের অন্তর্ভুক্ত।(১)

(১) ইবরাহীম আলাইহিস সালামের কাহিনী বিস্তারিত দেখুন, তার পিতা ও সম্প্রদায়ের সাথে তার বিভিন্ন আলোচনা, সূরা মারইয়াম: ৪১-৪৯; সূরা আশ-শু'আরা: ৬৯-৭০। ইবন আব্বাস বলেন, এখানে তার অনুগামী বলে, তার দ্বীনের অনুগামী বোঝানো হয়েছে। [তাবারী] মুজাহিদ বলেন, তার পদ্ধতি ও নিয়ম-নীতির অনুগামী বোঝানো হয়েছে। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

(৮৩) নিশ্চয় ইব্রাহীম তার অনুসারীদের একজন। [1]

[1] شِيعَةٌ এর অর্থ দল ও স্বমতাবলম্বী, অনুসরণকারী। অর্থাৎ ইবরাহীম জ দ্বীনদার ও তাওহীদবাদীদের সেই দলের অন্তর্ভুক্ত ছিলেন, যাঁরা নূহ (আঃ)-এর মতই আল্লাহর নৈকট্য লাভের বিশেষ তাওফীক পেয়েছিলেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3871>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন